# ইরানের হামলায় আরও এক মার্কিন সেনা নিহত, মোট প্রাণহানি ৪



সংগৃহীত ছবি

ইরানের সঙ্গে চলমান সামরিক উত্তেজনার মধ্যে যুক্তরাষ্ট্রের আরও এক সেনাসদস্য মারা গেছেন। সোমবার প্রকাশিত বিবৃতিতে মার্কিন সামরিক কর্তৃপক্ষ জানায়, ইরানের প্রাথমিক হামলায় গুরুতর আহত ওই সেনা চিকিৎসাধীন অবস্থায় শেষ নিঃশ্বাস ত্যাগ করেন। ফলে এ সংঘাতে যুক্তরাষ্ট্রের মোট নিহতের সংখ্যা দাঁড়িয়েছে চার।

সামাজিক যোগাযোগমাধ্যম এক্সে দেওয়া বার্তায় যুক্তরাষ্ট্রের সেন্ট্রাল কমান্ড জানায়, ২ মার্চ সকাল সাড়ে ৭টা (মার্কিন সময়) পর্যন্ত চার সেনার মৃত্যুর তথ্য নিশ্চিত হয়েছে।

অন্যদিকে, কুয়েতের আকাশ প্রতিরক্ষা ব্যবস্থার ভুল লক্ষ্যভেদে যুক্তরাষ্ট্রের তিনটি এফ-১৫ যুদ্ধবিমান ভূপাতিত হয়েছে বলে জানানো হয়েছে। বিমানগুলো ইরান ঘিরে চলমান অভিযানে অংশ নিয়েছিল। ছয়জন ক্রু সদস্য নিরাপদে বের হয়ে আসেন এবং পরে তাদের উদ্ধার করা হয়। বর্তমানে তাদের শারীরিক অবস্থা স্থিতিশীল বলে জানানো হয়েছে।

ঘটনার কারণ ও প্রেক্ষাপট জানতে তদন্ত শুরু হয়েছে বলে জানিয়েছে সেন্টকম। বিস্তারিত তথ্য পরে প্রকাশ করা হবে।

সূত্র: এএফপি

LENS ASIA